দৈনিক ইত্তেফাক
প্রতিষ্ঠাতা তফাজ্জল হোসেন মানিক মিয়া

# বিনামূল্যে প্রশিক্ষণ সঙ্গে চাকরি ও ভাতা

২১ ডিসেম্বর, ২০১৬ ইং ০০:০০ মিঃ



বিনামূল্যে প্রশিক্ষণের পাশাপাশি চাকরির সুযোগ সব সময় হয় না। বর্তমানে এমন একটি সুযোগ সৃষ্টি করে দিয়েছে অর্থ মন্ত্রণালয়ের অধীনে পরিচালিত স্কিলস ফর এমপ্লয়মেন্ট অ্যান্ড ইনভেস্টমেন্ট প্রোগ্রামের (সেপ) আওতায় বেকারদের কর্মমুখী বিষয়ে প্রশিক্ষণ দেবে চার প্রতিষ্ঠান। প্রশিক্ষণ শেষে চাকরির বিষয়ে সহায়তাও করা হবে তাদের। দেশের দুঃস্থ ও বেকারদের জন্যই এই সুযোগ বলে জানিয়েছেন এই চারটি প্রতিষ্ঠানের ট্রেনিং ইনস্ট্রাকটররা। বিস্তারিত জানাচ্ছেন মিজানুর রহমান

বাংলাদেশ-জার্মান কারিগরি প্রশিক্ষণকেন্দ্র

বাংলাদেশ-জার্মান কারিগরি প্রশিক্ষণকেন্দ্র পাকিস্তান আমল থেকেই তাদের কার্যক্রম পরিচালনা করে আসছে। শুরুতে এই পতিষ্ঠানের নাম ছিল অন্য। স্বাধীনতার পরে এর নতুন নামকরন করা হয়। সেপ প্রকল্পের আওতায় কারিগরি সাত বিষয়ে প্রশিক্ষণ দেবে বাংলাদেশ-জার্মান কারিগরি প্রশিক্ষণকেন্দ্র। এ বিষয়ে কথা হয় ইলেকট্রিক্যাল ট্রেইনার মো. নাসির উদ্দিনের সাথে। তিনি জানান, ছয় মাস মেয়াদি বিনা মূল্যের এসব প্রশিক্ষণ কোর্স শেষে দেওয়া হবে বৃত্তি ও কাজের সুযোগ। সম্প্রতি তারা যে বিজ্ঞপ্তি প্রকাশ করেছে তা থেকে জানা যায়, ইলেকট্রিক্যাল, প্লাম্বিং অ্যান্ড পাইপ ফিটিংস, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং এবং ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন কোর্সে ভর্তির যোগ্যতা জেএসসি পাস হতে হবে। গ্রাফিকস ডিজাইন ও মিড লেভেল গার্মেন্টস সুপারভাইজার কোর্সের জন্য এসএসসি এবং কোয়ালিটি কন্ট্রোল সুপারভাইজার কোর্সের জন্য হতে হবে এইচএসসি পাস। প্রতিদিন দুটি করে শিফটে প্রশিক্ষণ দেওয়া হবে এবং প্রতি ট্রেডে নেওয়া হবে ৩০ জন করে। আর এজন্য প্রশিক্ষনার্থীকে আবেদনপত্রে শিফটের সময় উল্লেখসহ শিক্ষাগত যোগ্যতা প্রমাণের সত্যায়িত ফটোকপি, পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি, জাতীয় পরিচয়পত্র বা জন্মনিবন্ধন সনদের কপি আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে। ৮০ শতাংশ উপস্থিতির ভিত্তিতে প্রত্যেক প্রশিক্ষণার্থী মাসিক এক হাজার টাকা

এবং ষষ্ঠ মাসে এক হাজার ৫০০ টাকা ভাতা পাবেন। বিস্তারিত জানার জন্য যোগাযোগ করতে পারেন—বাংলাদেশ-জার্মান কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, মিরপুর-২, ঢাকা।

শেখ ফজিলাতুন্নেসা মুজিব মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা

দেশের চারটি প্রশিক্ষণ কেন্দ্রের মধ্যে শেখ ফজিলাতুন্নেসা মুজিব মহিলা কারিগরি প্রশিক্ষণকেন্দ্র একটি। যারা বিনামূল্যে প্রশিক্ষণের পাশাপাশি ভাতা ও চাকরির সুযোগ তৈরি করে দিচ্ছে। জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো পরিচালিত জানুয়ারি-জুন ২০১৭ সেশনে বিভিন্ন ট্রেডে মহিলাদের বিনা মূল্যে এই প্রশিক্ষণ কার্যক্রম শুরু হবে জানুয়ারির প্রথম সপ্তাহে। এ বিষয়ে কম্পিউটার বিভাগের চিফ ইন্সট্রাক্টর শহীফা হোসনা জানান—চারটি বিষয়ে দেওয়া হবে এই প্রশিক্ষ। সমাজের সুবিধাবঞ্চিত ও অনগ্রসর বেকার যুবতীদের, যারা নিজেদের দক্ষ কর্মী হিসেবে গড়ে তুলতে চায় তাদের অগ্রাধিকার দেওয়া হবে। ওয়েব ডিজাইন ও গ্রাফিকস ডিজাইন কোর্সে নেওয়া হবে ৩০ জন করে। আবেদন করতে করতে যোগ্যতা লাগবে এসএসসি পাস। এছাড়াও সুইং মেশিন অপারেটর ও মিড লেভেল সুপারভাইজার কোর্সে আবেদনের যোগ্যতা ন্যূনতম অষ্টম শ্রেণি পাস হতে হবে। বিনা মূল্যে দেওয়া হবে এই প্রশিক্ষণ। প্রশিক্ষণ শেষে প্রত্যেককে দেওয়া হবে ৬,৫০০ টাকা। ওয়েব ডিজাইন ও গ্রাফিকস ডিজাইন কোর্সটি শেষে এন্ট্রি লেভেলে ওয়েব ডিজাইনার হিসেবে চাকরি এবং অনলাইনে আউটসোর্সিংয়ের কাজের সুযোগ রয়েছে। সুইং মেশিন অপারেটর কোর্সটি শেষে দক্ষরা গার্মেন্টস সংক্রান্ত চাকরি এবং মিড লেভেল সুপারভাইজার কোর্সটি শেষে কোয়ালিটি কন্ট্রোলার, মিড লেভেল সুপারভাইজার পদে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে কাজের সুযোগ পেতে পারে। আগ্রহীরা এই লিংক থেকে ভর্তি ফরম সাংগ্রহ করতে পারেন। www.skilledbangladesh.info/dhaka_mohila। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন :শেখ ফজিলাতুন্নেসা মুজিব মহিলা কারিগরি প্রশিক্ষণকেন্দ্র, টেকনিক্যাল মোড়, মিরপুর রোড, দারুস সালাম, ঢাকা ১২১৬।

ফেনী কম্পিউটার ইনস্টিটিউট

বিনামূল্যে  প্রশিক্ষনসাথে ভাতা এমন প্রশিক্ষণ দিচ্ছে ফেনী কম্পিউটার ইনস্টিটিউট। এ বিষয়ে কথা হয় ইনস্টিটিউটের ইনস্ট্রাকটর হেলাল উদ্দিনের সাথে। তিনি বলেন, '৬ মাস মেয়াদের এই কোর্সগুলো মূলত দুস্থ ও বেকারদের জন্যই। যারা অর্থের অভাবে প্রশিক্ষণ নিতে পারছে না এবং দক্ষ জনশক্তিতে পরিনত হতে পারছে না তাদের জন্যই এই প্রশিক্ষণ ব্যবস্থা।' তিনি আরও জানান, প্রতিবন্ধীও সুবিধা বঞ্চিতদের অগ্রাধিকার দেওয়া হবে। ওয়েব ডিজাইন ও গ্রাফিকস ডিজাইন কোর্সে প্রতি ব্যাচে নেওয়া হবে ৬০ জন করে। যোগ্যতা প্রয়োজন হবে এসএসসি পাস। আইটি সাপোর্ট টেকনিশিয়ান কোর্সে নেওয়া হবে ৬০ জন এবং অষ্টম শ্রেণি পাস হতে হবে। লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে প্রশিক্ষণার্থী বাছাই করা হবে। আবেদন ফরম পাওয়া যাবে ইনস্টিটিউটের ভর্তি শাখায়। এ ছাড়া ইনস্টিটিউটের ওয়েবসাইটেও (www.fci.gov.bd) পাওয়া যাবে আবেদন ফরম। ইতোমধ্যে আবেদন প্রক্রিয়া শুরু হয়েছে। আবেদনপত্রের সঙ্গে শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপি, পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি, জাতীয় পরিচয়পত্র বা জন্মনিবন্ধন সনদের কপি জমা দিতে হবে। কোর্স শেষ করলে সাড়ে ছয় হাজার টাকার বৃত্তি প্রদান করা হবে। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন : ফেনী কম্পিউটার ইনস্টিটিউট, নতুন রানীরহাট, ফেনী।

কারিগরি প্রশিক্ষণকেন্দ্র, কুমিল্লা

অন্য তিনটি প্রতিষ্ঠানের মতো সেপ প্রকল্পের আওতায় কারিগরি ছয় বিষয়ে প্রশিক্ষণ দেবে কারিগরি প্রশিক্ষণকেন্দ্র (টিটিসি), কুমিল্লা। বিনামূল্যের এ প্রশিক্ষণ কোর্সগুলো পরিচালনা করবে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো। প্রশিক্ষণ শেষে দেওয়া হবে বৃত্তি। প্রকাশিত বিজ্ঞপ্তি থেকে জানা যায়, গ্রাফিকস ডিজাইন, ক্যাড (২ডি, ৩ডি,) প্লাম্বিং অ্যান্ড পাইপ ফিটিং, রড বাইন্ডিং, ওয়েল্ডিং ও ইলেকট্রিক্যাল বিষয়ে ছয় মাসের এসব কোর্সে ভর্তির ন্যূনতম যোগ্যতা অষ্টম শ্রেণি পাস। বয়স ১৫ বছর থেকে সর্বোচ্চ ৪০ বছরের মধ্যে হতে হবে। ইতোমধ্যে আবেদনের কার্যক্রম শুরু হয়েছে। বাছাই পরীক্ষা নেওয়া হবে ২১ ডিসেম্বর সকাল ১০টায়। উত্তীর্ণরা ভর্তি হতে পারবে ২৫ ডিসেম্বরের মধ্যে। মোট দুই শিফটে দেওয়া হবে প্রশিক্ষণ। সকালের শিফট শুরু হবে সাড়ে ৮টায় এবং দুপুরের শিফট শুরু হবে আড়াইটায়। আবেদনপত্রে শিফটের সময় উল্লেখসহ শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত ফটোকপি, পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি, জাতীয় পরিচয়পত্র বা জন্মনিবন্ধন সনদের কপি আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন : কারিগরি প্রশিক্ষণকেন্দ্র, কোটবাড়ী, কুমিল্লাএই ঠিকানায়।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।
ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।
© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত